

২৪

জিম্মী পরীক্ষার খাতা জালিয়াতি

রাজশাহী ও ঢাকা থেকে দু'হোতা প্রেফতার ॥ ৫০ উত্তরপত্র উদ্ধার

স্টাফ রিপোর্টার, রাজশাহী ॥ জাতীয় বিশ্ববিদ্যালয়ের জিম্মী পাস পরীক্ষার খাতা জালিয়াতির মাধ্যমে ফেল করা হুমকি পাস করানোর সঙ্গে জড়িত সিন্ডিকেটের ২ সদস্যকে রাজশাহী ও ঢাকা থেকে পুলিশ প্রেফতার করেছে। এরা হলো নাটোরের লালপুরের বকুল এবং বরিশালের আব্দুর রহিম। পুলিশ আব্দুর রহিমের দকল থেকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের জিম্মী পাস পরীক্ষার ইংরেজী বিষয়ের অর্ধশত উত্তরপত্র এবং সমান সংখ্যক উত্তরপত্রের মূল কভার পৃষ্ঠার ফটোকপি উদ্ধার করেছে। তাদের তথ্যানুযায়ী পুলিশ খাতা জালিয়াত চক্রের মূল হোতা, কুড়িগ্রামের একটি সরকারি কলেজের ইংরেজী বিষয়ের শিক্ষক ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষককে প্রেফতারের জন্য হন্যে হয়ে বুজছে। শনিবার সন্ধ্যা ৬টায় এ রিপোর্ট দেখা পর্যন্ত পুলিশের অভিযান চলাইল। পুলিশ জানায়, জাতীয় বিশ্ববিদ্যালয়ের জিম্মী পাস পরীক্ষার ইংরেজী বিষয়ে ফেল করা

শিক্ষার্থীদের পাস করানোর কথা বলে ঢাকা আদায়ের চেঁচাকাশে যৌথবাহিনী বকুল নামের এক সদস্যকে মহানগরীর সাহেব বাজার জিরোপয়েন্ট এলাকা থেকে গ্রেফতার করেছে। প্রেফতারের পর তাকে কঠোর গোপনীয়তায় সরাসরি রাজশাহী মেট্রোপলিটন পুলিশের (আরএমপি) গোয়েন্দা কার্যালয়ে নিয়ে যাওয়া হয়। সেখানে আরএমপির উর্দতন কর্মকর্তারা তাকে রাতভর জিজ্ঞাসাবাদ করেন। এত তথ্যানুযায়ী আরএমপির গোয়েন্দা শাখার পরিদর্শক সাইফুল ইসলামের নেতৃত্বে একদল পুলিশ শনিবার দুপুরে স্যাবের সহায়তায় ঢাকার ফকিরাপুল এলাকার আজমীরী আবাসিক হোটেলে থেকে ইংরেজী বিষয়ের অর্ধশত উত্তরপত্র এবং উত্তরপত্রের মূল কভার পেজের ফটোকপিসহ আব্দুর রহিম নামের জালিয়াত সিন্ডিকেটের আরেক সদস্যকে প্রেফতার করেছে। তার বাড়ি বরিশালে। সে বরিশালের একটি মদ্রোসার সাবেক শিক্ষক।